# জিনজার ক্যাপসুল

(ইউনানী ঔষধ)

**বিবরণঃ** জিনজার ক্যাপসুল আদা শুঁঠের পাউডার দিয়ে তৈরি একটি ইউনানী ফর্মুলেশন। এর প্রধান ফাইটোকেমিক্যাল সমূহের মধ্যে জিনজিবেরিন, জিনজেরল, স্যাগাওল এবং জিনজিবাইন উল্ল্যেখযোগ্য। এটা প্রধানত পরিপাকতন্ত্রের বিভিন্ন ব্যাধির জন্য নির্দেশিত যার মধ্যে পেট ব্যথা, বমি ভাব, বমি, বদহজম, অরুচি, পেটফাঁপা এবং কোষ্ঠকাঠিন্য উল্লেখযোগ্য।

**উপাদানঃ** প্রতিটি ক্যাপসুলে সক্রিয় উপাদান হিসেবে রয়েছে-

| উপাদান | বৈজ্ঞানিক নাম | পরিমান |
|---|---|---|
| আদা মিহিচূর্ণ | *Zingiber officinale* | ৫০০ মিগ্রা. |

**সূত্রঃ** জিনজার ক্যাপসুল, বা. জা. ই. ফ।

**রোগ নির্দেশনা:** পেটে বায়ুজনিত ব্যথা, বমিভাব, বমি, বদহজম, অরুচি, পেটফাঁপা এবং কোষ্ঠকাঠিন্য।

**সেবনমাত্রা ও সেবনবিধিঃ** ২ টি ক্যাপসুল দিনে ২-৩ বার অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

**পার্শ্ব-প্রতিক্রিয়া এবং বিরূপ ক্রিয়াঃ** নির্দেশিত মাত্রায় ব্যবহারে কোন বিরূপ ক্রিয়া দেখা যায় না। খালি পেটে প্রতিদিন ৬.০ গ্রামের বেশি সেবনে পাকস্থলীতে ক্ষত সৃষ্টি ও জ্বালা যন্ত্রণার সম্ভাবনা দেখা দিতে পারে। বিরল ক্ষেত্রে অস্বাভাবিক হৃদস্পন্দন ও কেন্দ্রীয় স্নায়ুমন্ডলীর অবসাদ দেখা যায়।

**গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ঃ** গর্ভাবস্থায় দৈনিক ১.০ গ্রামের বেশি সেবন সমীচীন নয় এবং স্তন্যদানকালে এটি নিরাপদ।

**সতর্কতা ঃ** রক্তক্ষরণ প্রবণরোগী, রক্ত জমাটরোধক ঔষধের সঙ্গে দৈনিক ১.০ গ্রামের বেশি সেবন সমীচীন নয়।

**সংরক্ষন ঃ** আলো থেকে দূরে, ঠান্ডা ও শুষ্ক স্থানে রাখুন। শিশুদের নাগালের বাইরে রাখুন।

**পরিবেশনা ঃ** প্রতিটি বাক্সে রয়েছে ৩০ টি ক্যাপসুল অ্যালু-অ্যালু ব্লিষ্টার প্যাকে।

**প্রস্তুতকারক ঃ**

IBN SINA

দি **ইবনে সিনা** ন্যাচারাল মেডিসিন লিঃ
(ইউনানী বিভাগ) সফিপুর, গাজীপুর, বাংলাদেশ।